# The Ordnance Factories Board (Repeal) Act, 1989

( ১৯৮৯ সনের ১৩ নং আইন )

**Ordnance Factories Board Ordinance, 1961 রহিতকরণকল্পে প্রণীত আইন৷**

যেহেতু Ordnance Factories Board Ordinance, 1961 (XVII of 1961) এর রহিতকরণ সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্‌দ্বারা নিম্নরূপ আইন করা হইল :-

**সংক্ষিপ্ত শিরোনামা ও প্রবর্তন**

১। (১) এই আইন The Ordnance Factories Board (Repeal) Act, 1989 নামে অভিহিত হইবে৷

(২) ইহা ২১শে অগ্রহায়ণ, ১৩৯৫ মোতাবেক ৫ই ডিসেম্বর, ১৯৮৮ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে৷

**XVII of 1961 এর রহিতকরণ**

২। (১) The Ordnance Factories Board Ordinance, 1961 (XVII of 1961), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এতদ্‌দ্বারা রহিত করা হইল৷

(২) উক্ত Ordinance রহিত হইবার সংগে সংগে-

(ক) উহার অধীনে গঠিত Ordnance Factories Board, অতঃপর উক্ত বোর্ড বলিয়া উল্লিখিত, বিলুপ্ত হইবে এবং উক্ত বোর্ড কর্তৃক পরিচালিত সমরাস্ত্র কারখানা সরকারের নিয়ন্ত্রণে আসিবে;

(খ) উক্ত বোর্ডের সকল স্থাবর ও অস্থাবর সম্পত্তি, নগদ ও ব্যাংকে গচ্ছিত অর্থ এবং অন্য সকল প্রকার সম্পদ সরকারের উপর ন্যস্ত হইবে;

(গ) উক্ত বোর্ডের সকল দাবী, অধিকার, দায় ও দায়িত্ব সরকারের দাবী, অধিকার, দায় ও দায়িত্ব হইবে;

(ঘ) উক্ত Ordinance এর অধীন উক্ত বোর্ড ও উহার কোন কর্মকর্তা কর্তৃক কৃত কোন কাজকর্ম বা গৃহীত কোন ব্যবস্থা সরকার বা উহার কোন কর্মকর্তা কর্তৃক কৃত বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে;